

**মডেল অ্যাক্টিভিটি টাস্ক**  
**বাংলা (প্রথমভাষা)**  
**নবম শ্রেণি**

---

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ ঈশান হলো—

- ক) উত্তর-পূর্ব-কোণ
- খ) উত্তর-পশ্চিম কোণ
- গ) দক্ষিণ-পূর্ব কোণ
- ঘ) পশ্চিম কোণ

১.২ ‘আজ আমার সংসার চলবে কীভাবে?’ — প্রশ্নটি করেছে

- ক) সূচক
- খ) জানুক
- খ) ধীবর
- ঘ) রাজশ্যালক

১.৩ ‘বন্ধুগণ হাসবেন না।’ — একথা বলেছে

- ক) ইলিয়াস
- খ) শাম-শেমাগি
- গ) মহম্মদ শা
- ঘ) মহম্মদ শার জনৈক আত্মীয়

১.৪ ‘মাস্টারমশাইয়ের কাছ থেকে এইটুকুই আমার নগদ লাভ।’ বক্তার লাভ হয়েছিল

- ক) পাঁচ টাকা
- খ) দশ টাকা
- গ) পনেরো টাকা
- ঘ) কুড়ি টাকা

১.৫ ‘নোঙর’ কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্গত —

- ক) কুসুমের মাস
- খ) শাদা মেঘ কালো পাহাড়
- গ) পাতাল কন্যা
- ঘ) ছায়ার আলপনা

২. কম-বেশি ১৫টি শব্দের মধ্যে উত্তর লেখো :

২.১ ‘..... প্রজা চমকিত।’ — প্রজা চমকিত কেন?

২.২ ‘ধীবর-বৃন্তান্ত’ নাট্যাংশে ধীবরের বাড়ি কোথায়?

---

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।  
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।

- ২.৩ 'ইলিয়াস তো ভাগ্যবান পুরুষ'— কারা একথা বলত?
- ২.৪ 'মনে এল মাস্টারমশাইয়ের কথা।' — কখন এমনটি ঘটেছে?
- ২.৫ '..... বিরামহীন এই দাঁড় টানা।' — কবি দাঁড় টানাকে 'বিরামহীন' বলেছেন কেন?

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৩০টি শব্দের মধ্যে উত্তর লেখো :

- ৩.১ 'চণ্ডীর আদেশ পান বীর হনুমান।'— চণ্ডীর পরিচয় দাও। তিনি হনুমানকে কী আদেশ দিয়েছেন?
- ৩.২ 'কীভাবে এই আংটি আমার কাছে এল—তা বললাম।' — বক্তা কে? আংটি প্রসঙ্গে সে কী বলেছে?
- ৩.৩ মহম্মদ শা কোন্ গল্পের চরিত্র। তাঁর প্রকৃতি কেমন?
- ৩.৪ 'স্বর্গের দরজাতেও ঠিক এই কথাই লেখা রয়েছে'— কোন্ কথা? বক্তার এমন মন্তব্যের কারণ কী?
- ৩.৫ 'আমার বাণিজ্য-তরী বাঁধা পড়ে আছে।' — কোন্ বাণিজ্য-তরী? সেটি বাঁধা পড়ে আছে কেন?

৪. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো (কম-বেশি ১৫০ শব্দ) :

- ৪.১ 'নিরবধি সাতদিন বৃষ্টি নিরন্তর।' — এই প্রাকৃতিক বিপর্যয় কলিঙ্গবাসীর জীবনকে কীভাবে বিপন্ন করে তুলেছিল তা আলোচনা করো।
- ৪.২ 'সেই আংটি দেখে মহারাজের কোনো প্রিয়জনের কথা মনে পড়েছে।' — মন্তব্যটির প্রসঙ্গ নির্দেশ করে আংটিটি দেখে মহারাজের কী প্রতিক্রিয়া হয়েছিল, তা বুঝিয়ে দাও।
- ৪.৩ 'ইলিয়াস' গল্প অনুসরণে ইলিয়াস চরিত্রটি বিশ্লেষণ করো।
- ৪.৪ 'আমার ছাত্র আমাকে অমর করে দিয়েছে।' — বক্তা কে? কেন তাঁর এমনটি মনে হয়েছে?
- ৪.৫ 'নোঙর গিয়েছে পড়ে তটের কিনারে।' — উপস্থিতির আলোকে 'নোঙর' কবিতায় কবির আক্ষেপ কীভাবে প্রকাশ পেয়েছে, তা নির্দেশ করো।

৫. নির্দেশ অনুযায়ী উত্তর দাও :

- ৫.১ শ্লোক > শোলোক — এক্ষেত্রে ঘটেছে
- (ক) আদিস্বরলোপ (খ) আদিস্বরগম
- (গ) মধ্যস্বরগম (ঘ) মধ্যব্যঞ্জনগম। (ঠিক বিকল্পটি বেছে নিয়ে লেখো)
- ৫.২ 'অ্যা' হলো একটি (ক) সংবৃত স্বরধ্বনি (খ) বিবৃত স্বরধ্বনি (গ) অর্ধবিবৃত স্বরধ্বনি (ঘ) অর্ধসংবৃত স্বরধ্বনি। (ঠিক বিকল্পটি বেছে নিয়ে লেখো)
- ৫.৩ বিদেশী উপসর্গযোগে উৎপন্ন একটি শব্দ হলো (ক) আমজনতা (খ) প্রতিদ্বন্দী (গ) অনশন (ঘ) দুর্জয় (ঠিক বিকল্পটি বেছে নিয়ে লেখো)
- ৫.৪ মৌলিক ও সাধিত সাধুর একটি পার্থক্য লেখো
- ৫.৫ ধাতুবয়ব প্রত্যয়ের একটি উদাহরণ দাও।
- ৫.৬ অনুসর্গের অন্য দুটি নাম উল্লেখ করো।

৬. ভাবসম্প্রসারণ করো :

- 'ধর্মের নামে মোহ এসে যারে ধরে  
অন্ধ সে জন মারে আর শুধু মরে।'

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।  
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।